

## রাবির সেই ছাত্রলীগ নেতা ত্রেপ্তার



২০১২ সালের ২ অক্টোবর রাবিতে ছাত্রলীগ-শিবির সংঘর্ষ চলাকালে প্রতিপক্ষের ওপর গুলি চালান তৌহিদ আল তুহিন (ফাইল ছবি)

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী • ডাকাতি মামলায় রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক তৌহিদ আল তুহিনকে কারাগারে পাঠিয়েছেন আদালত। গতকাল মঙ্গলবার দুপুরে ডাকাতি মামলায় হাজিরা দিয়ে জামিন আবেদন করলে শুনানি শেষে রাজশাহীর মুখ্য মহানগর হাকিমের আদালত ৩-এর বিচারক জাহিদুল ইসলাম এ আদেশ দেন।

২০১৪ সালের ২৮ আগস্ট উপাচার্যের দপ্তরের অপেক্ষমাণ কক্ষে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীকে মারধরের ঘটনায় কেন্দ্রীয় ছাত্রলীগ তুহিনকে সাধারণ সম্পাদক পদ থেকে অব্যাহতি দেয়।

রাজশাহী মেট্রোপলিটন পুলিশের পরিদর্শক আবুল হাশেম জানান, নগরীর এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## রাবির সেই ছাত্রলীগ

(শেষ পৃষ্ঠার পর) বোয়ালিয়া থানার ডাকাতি মামলায় আসামি তুহিন। দীর্ঘদিন ধরে তিনি মামলায় হাজিরা দেননি। তার বিরুদ্ধে ত্রেপ্তারি পরোয়ানা ছিল। মঙ্গলবার হাজিরা দিয়ে জামিন আবেদন করলে বিচারক তার জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

উল্লেখ্য, ২০১১ সালের ২১ আগস্ট রাজশাহী নগরের পদ্মা আবাসিক এলাকার একটি বাড়িতে ডাকাতি হয়। ওই ঘটনায় দায়ের করা মামলার আসামি ছিলেন তুহিন।